



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 30 Sep. 26

TIME: 7:35 AM

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শৰ্মা আজ শ্ৰীকোণায় নবনিৰ্মিত ‘আসাম সচিবালয়-বৰাক উপত্যকা’ৰ কাৰ্যালয়ে বসে সরকারী কাজের তদারকি এবং পর্যালোচনা করবেন । এছাড়া মুখ্যমন্ত্রী বিভিন্ন বিভাগের পর্যালোচনা বৈঠকেও অংশ নেবেন ।

ৰাজ্যের মুখ্যমন্ত্রী তথা বিজেপির প্রথমসারির নেতা ডঃ হিমন্তবিশ্ব শৰ্মা নিৰ্বাচনী প্রচাৰে অংশ নিতে আজ শিলচৰ আসছেন । দলের প্রবীন নেতা তথা ৰাজ্যের মন্ত্রী কৌশিক ৰাই গতকাল শিলচৰে দলীয় কাৰ্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে আজ বিকেল চারটায় মুখ্যমন্ত্রী ডঃ শৰ্মা শিলচৰ পুলিশ প্যারেড গ্ৰাউণ্ডে নিৰ্বাচনী জনসভায় অংশগ্ৰহণ করবেন । একইসঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ শৰ্মা এই সভায় বিজেপি কৰ্মী ও সমৰ্থকদেরও সম্বোধন করবেন বলে মন্ত্রী শ্ৰী ৰাই জানিয়েছেন ।

-বাইট-

মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা একদিনের এই সফরকালে জনসাধারণের সঙ্গেও মত
বিনিময় করবেন ।

এদিকে রাজ্যে বিজেপির মিত্রজোট অসম গণ পরিষদ দলের সভাপতি তথা
রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের মন্ত্রী অতুল বরা গতকাল শিলচরে
মিত্রজোটের প্রার্থীদের সমর্থনে চারটি ওয়ার্ডে প্রচার অভিযানে অংশ নিয়েছেন
। তিনি পৌর নিগমের অন্তর্গত ৩১, ২৪, ২৫ ও ২৬ নম্বর ওয়ার্ডের অসম
গণপরিষদ ও বিজেপি প্রার্থীদের হয়ে নির্বাচনী জনসভা করেছেন ।

এছাড়া মন্ত্রী শ্রী বরা গতকাল শিলচরে বিজেপির কাছাড় জেলা সমিতির
কার্যালয়ে গিয়ে মন্ত্রী কৌশিক রাই, শিলচর লোকসভার সাংসদ পরিমল
শুক্লবৈদ্য, রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ সহ দলের জেলা সভাপতি
রূপম সাহা সহ অন্যান্য দলীয় কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় করেন ।

শিলচর পৌরসভাকে পৌর নিগমে উন্নীত করার পর প্রথম নির্বাচনের জন্য
প্রচার অভিযানের আর মাত্র দুদিন বাকি থাকা অবস্থায় শিলচরে সব
রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীদের প্রচার তুঙ্গে উঠেছে । বিশেষ করে কেন্দ্র
ও রাজ্যে ক্ষমতাসীন বিজেপি, বিরোধী দল কংগ্রেস তাদের শীর্ষস্থানীয় নেতাদের
শিলচরে এনে প্রচার অভিযান আরো জোরদার করে তুলেছে । শিলচর পৌর
নিগমের ৪২টি ওয়ার্ডের মধ্যে দুটো ওয়ার্ডের কাউন্সিলর ইতিমধ্যে বিনা
প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হওয়ার পরিপ্রেক্ষিতে বর্তমানে ৪০টি ওয়ার্ডে
ভোটগ্রহণের জন্য প্রচার অভিযান চলছে ।

রাজ্যে নগাঁও লোকসভা আসনের উপ-নির্বাচনের প্রচারাভিযান আরো জোরদার হয়ে ওঠেছে। বিজেপি ও অসম গণ পরিষদ দলের শীর্ষ নেতৃত্ব শাসক দলের মিত্রজোট প্রার্থী দেবানীষ শর্মার হয়ে প্রচারে অংশ নিচ্ছেন। মুখ্যমন্ত্রী তথা বি জে পি নেতা ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল মরিগাও গান্ধী ময়দানে দলীয় প্রার্থী দেবানীষ শর্মার পক্ষে প্রচার সভায় অংশ নেন। সভায় মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে সরকার কল্যাণমূলক প্রকল্পের মাধ্যমে রাজ্যের জনসাধারণের জীবন যাত্রার গুণগত মান বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করেছে। এর আগে মুখ্যমন্ত্রী নগাওয়ে আরেকটি নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহণ করেন। কংগ্রেস দলের নেতা কমীরাও দলীয় প্রার্থী শিবামনি বরার পক্ষে জোরদার প্রচার কার্যসূচিতে অংশ গ্রহণ করছেন।

.....

রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের মন্ত্রী অতুল বরা গতকাল কাছাড় জেলার উধারবন্দের গোলাপ বরবরা রাজ্য পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন প্রতিষ্ঠানের অধীনে থাকা জেলা পঞ্চায়েত সহায়তা কেন্দ্রটি পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে মন্ত্রী শ্রীবরা গ্রাম পঞ্চায়েত প্রতিনিধি ও আধিকারীকদের সঙ্গে মত বিনিময় করে কেন্দ্রটিতে চলতে থাকা বিভিন্ন প্রশিক্ষণ কার্যসূচী সম্পর্কে অবগত হয়েছেন। এছাড়াও মন্ত্রী শ্রীবরা পঞ্চায়েত পর্যায়ের দক্ষতা এবং সার্বমুখ্য বৃদ্ধি করার বিষয়ে থাকা প্রত্যাহ্বান ও প্রয়োজনীয় বিষয়গুলি নিয়ে আলোচনা হয়েছে।

.....

শ্রীভূমি জেলার মাই ভারত কেন্দ্রের উদ্যোগে গত ১৭ই সেপ্টেম্বর থেকে শুরু হওয়া সেবা পক্ষ পালনের অঙ্গ হিসেবে গত রবিবার শ্রীভূমি শহরের সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ক্যাম্পাস পরিষেবা, পরিচ্ছন্নতা এবং যুব

অংশগ্রহন কর্মসূচীর আয়োজন করা হয়েছে । কর্মসূচীর সূচনা পর্বে শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষিকারা স্বচ্ছতা শপথ বাক্য পাঠ করেন । শপথ গ্রহণের পর সমগ্র বিদ্যালয় প্রাঙ্গণে স্বেচ্ছা শ্রমদানের মাধ্যমে পরিচ্ছন্নতা অভিযান ও বর্জ্য পৃথকীকরণের কাজ পরিচালনা করা হয়েছে । কর্মসূচীতে পরিবেশ বান্ধবের বার্তা ছড়িয়ে দিতে ক্যাম্পাস প্রাঙ্গণে স্থায়িত্ব ও পরিচ্ছন্নতার উপর ভিত্তি করে দৃষ্টি নন্দন দেওয়াল চিত্র অংকন করা হয়েছে ।

হাইলাকান্দি জেলার খাদ্য , গ্রাহক পরিক্রমা ও গন বন্টন বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জেলায় অক্টোবর মাসের জন্য রেহাই মূল্যের চিনি কিলো প্রতি ৩০ টাকা করে বিক্রি করার নির্দেশ দেওয়া হয়েছে । প্যাকেটের লেবেল নিয়ে বিভ্রান্তি এড়াতে নায্য মূল্যের দোকানের সামনে চিনির মূল্য প্রদর্শন করে রাখতেও নির্দেশ দেওয়া হয়েছে ।

ভারত ও ওয়েস্ট ইন্ডিজের মধ্যে আজ গুয়াহাটীর বর্ষাপারায় অনুষ্ঠেয় তিন দিবসীয় ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচ অনুষ্ঠিত হবে ।

তরুওয়াস্তপুরমে অনুষ্ঠিত ৩টি ম্যাচের প্রথম খেলায় ভারত জয়ী হওয়ার পর আজ অনুষ্ঠেয় দ্বিতীয় ম্যাচে ভারত পুনরায় জয়লাভ করে এই সিরিজে জয়ী হওয়ার লক্ষ্য নিয়ে মাঠে নামবে , অন্যদিকে প্রতিদ্বন্দ্বি ওয়েস্ট ইন্ডিজ দলও বর্ষাপারার আজকের ম্যাচে জয়ী হয়ে সিরিজে সমতা ফিরিয়ে আনার চেষ্টা করবে । আজ দুপুর ২টো থেকে অনুষ্ঠেয় বর্ষাপারার এই খেলা নিয়ে রাজ্যের ক্রিকেটপ্রেমীদের মধ্যে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হচ্ছে ।
